151

তারিখ 04 JUN 1994
পৃষ্ঠা ১৬ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৮ কোটি টাকার বাজেট

**রেজানুর রহমান** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগামী অর্থ-বছরের জন্য প্রায় ১৬ কোটি টাকার ঘাটতিসহ ৫৭ কোটি ৯৭ লক্ষ ৯৭ হাজার ১৩০ টাকার বাজেট প্রণয়ন করা হইয়াছে। এই বাজেটে সরকার হইতে পাওয়া যাইবে ৪২ কোটি টাকা। ইহা

(২য় পৃ: ৮-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(শেষ পৃ: পর)

মূল বাজেটের শতকরা ৮৮ দশমিক ৮৬ ভাগ। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হইতে পাওয়া যাইবে ৫ কোটি ২৭ লক্ষ টাকা। যাহা মূল বরাদ্দের শতকরা ১১ দশমিক ১৪ ভাগ।

বিশ্ববিদ্যালয়ের আগামী অর্থ-বছরের বাজেটে শিক্ষকদের বেতন বাবদ সর্বোচ্চ ব্যয় ধরা হইয়াছে। শিক্ষকদের বেতন বাবদ ব্যয় হইবে ১৫ কোটি ৮৭ লক্ষ ২৩ হাজার ৪৪৪ টাকা। ইহা মূল বাজেটের শতকরা ২৭ দশমিক ৩৮ ভাগ। ট্যাক্স, বিভাগীয়, ইনসটিটিউট ও অন্যান্য দপ্তরের আনুষঙ্গিক ব্যয় ও অন্যান্য ব্যয়সহ বাজেটে বরাদ্দ রাখা হইয়াছে ১৩ কোটি ৫৯ লক্ষ ৩৩ হাজার টাকা (শতকরা ২৩'৪৫ ভাগ)। বাজেটে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের বেতন বাবদ ১০ কোটি ৯৭ লক্ষ ১৬ হাজার ৭০২ টাকা বরাদ্দ রাখা হইয়াছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৩-৯৪ অর্থবছরের সূচনা হইয়াছিল ৫০ লক্ষ ৫৩ হাজার ৬৫৫ টাকার উদ্বৃত্ত তহবিল নিয়া। ১৯৯৩-৯৪ অর্থবছরে সংশোধিত ব্যয় বরাদ্দ ছিল ৫২ কোটি ২৭ লক্ষ ৯০ হাজার ৬৫১ টাকা। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বরাদ্দ ও বিশ্ব-বিদ্যালয়ের নিজস্ব আয়সহ মোট আয়ের পরিমাণ ছিল ৪৬ কোটি ৬৫ হাজার টাকা। ফলে বৎসরান্তে বাজেট ঘাটতি দাঁড়ায় ৫ কোটি ৬২ লক্ষ ৯০ হাজার ৬৫১ টাকা। এই ঘাটতিসহ আগামী অর্থবছরের মোট ঘাটতি দাঁড়াইবে প্রায় ১৬ কোটি টাকা। এই ঘাটতি পূরণের জন্য সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহযোগিতা চাওয়া হইবে।